

## 💵 সহীহ হাদিসে কুদসি

হাদিস নাম্বারঃ ৬৫

১/ বিবিধ হাদিসসমূহ

পরিচেছদঃ শানে আরুকট শানে নুযূল وَلَا تَحاسَبَنَّ ٱلَّذِينَ قُتِلُواْ فِي سَبِيلِ ٱللَّهِ أَماوَاتَا । পরিচেছদঃ

## আরবী

65 جَابِرَ بْنَ عَبْدِ اللَّهِ \_رضي الله عنهما \_ يَقُولُ: لَقِينِي رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم فَقَالَ لِي: «يَا جَابِرُ مَا لِي أَرَاكَ مُنْكَسِرًا؟» قُلْتُ: يَا رَسُولَ اللَّهِ اسْتُشْهِدَ أَبِي قُتِلَ يَوْمَ أُحُدٍ وَتَرَكَ عِيَالاً وَدَيْنًا, قَالَ: «أَفَلَا أُبشِّرُكَ بِمَا لَقِيَ اللَّهُ بِهِ أَبَاكَ؟» قَالَ قُلْتُ: بَلَى يَا رَسُولَ اللَّهِ. قَالَ: «مَا كَلَّمَ اللَّهُ أَحَدًا قَطُّ إِلَّا مِنْ وَرَاءِ حِجَابٍ، وَأَحْيَا أَبَاكَ فَكَلَّمَهُ كِفَاحًا فَقَالَ: يَا عَبْدِي تَمَنَّ عَلَيَّ أُعْطِكَ قَالَ: يَا رَبِّ تُحْيِينِي فَأُقْتَلَ فِيكَ ثَانِيَةً. قَالَ الرَّبُّ عَزَّ وَجَلَا: إِنَّهُ قَدْ سَبَقَ مِنِي (أَنَّهُمْ إِلَيْهَا لَا يُرْجَعُونَ ( قَالَ: وَأُنْزِلَتْ هَذِهِ الْآيَةُ: ﴿وَلَا تَحالَسَبَنَّ وَجَلَانِ فَي سَبِيلِ ٱللَّهِ أَماكًا اللَّهِ أَماكًا ﴾. ( ت, جه ) صحيح لشواهده

## বাংলা

৬৫. জাবের ইবনু আব্দুল্লাহ রাদিয়াল্লাছ্ আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন: রাস্লুল্লাহ সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লামআমার সাথে দেখা করে আমাকে বলেন: "হে জাবের কেন তোমাকে বিষণ্ণ দেখছি? আমি বললাম: হে আল্লাহর রাসূল আমার পিতা উহুদের দিন শাহাদাত বরণ করেন, তিনি অনেক সন্তান ও ঋণ রেখে গেছেন। তিনি বললেন: "আমি কি তোমাকে সুসংবাদ দিব না তোমার পিতার সাথে আল্লাহ কি নিয়ে সাক্ষাৎ করেছেন?" জাবের বলেন, আমি বললাম: অবশ্যই হে আল্লাহর রাসূল। তিনি বললেন: আল্লাহ পর্দার আড়াল ব্যতীত কারো সাথে কখনো কথা বলেননি, কিন্তু তোমার পিতাকে জীবিত করে তার সাথে সরাসরি কথা বলেছেন। তিনি বলেন: হে আমার বান্দা আমার নিকট চাও আমি তোমাকে দিব। জবাবে তিনি (আব্দুল্লাহ) বলেন: হে আমার রব আমাকে জীবিত করুন, আমি দ্বিতীয়বার আপনার রাস্তায় শহীদ হব। আল্লাহ তা'আলা বললেন: আমার সিদ্ধান্ত পূর্বে চূড়ান্ত হয়ে গেছে যে, মৃতদের দুনিয়াতে প্রত্যাবর্তন করা হবে না। তিনি বলেন: এবং এ আয়াত নাথিল করা হল:

﴿ وَلَا تَدِّسَ بَنَّ ٱلَّذِينَ قُتِلُواْ فِي سَبِيلِ ٱللَّهِ أَمْ وَالَّا ١٦٩ ﴾ [ال عمران: ١٦٩]

"আর যারা আল্লাহর পথে জীবন দিয়েছে, □তাদেরকে তুমি মৃত মনে করো না"।[1] [তিরমিযি ও ইবনু মাজাহ] হাদিসটি অন্যান্য শাহেদ তথা সমার্থের বর্ণনার কারণে সহিহ।



## ফুটনোট

[1] সূরা আলে ইমরান: (১৬৯)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলাম হাউস

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন